# <u>নিলাম বিজ্ঞপ্তি</u>

এতদ্বারা সর্ব সাধারণের অবগতির জন্য জানানো যাচ্ছে যে, চীফ জুডিসিয়াল ম্যাজিস্ট্রেট আদালত, যশোর-এর মালখানায় রক্ষিত নিম্ন বর্ণিত নিলামযোগ্য মালামাল সমূহ নিলামে বিক্রয়ের নিমিত্তে আগামী ০৪/১১/২৫ খ্রি. তারিখ বিকাল ৩.৩০ ঘটিকার সময় চীফ জুডিসিয়াল ম্যাজিস্ট্রেট আদালত, যশোর-এ নিলাম ডাক অনুষ্ঠিত হবে। উক্ত ধার্য তারিখ ও সময়ে নিলাম ডাকে অংশগ্রহণের জন্য চীফ জুডিসিয়াল ম্যাজিস্ট্রেট আদালত, যশোর-এর নেজারত শাখা হতে সিডিউল ক্রয় করা যাবে।

| ক্রঃ নং | নিলামে বিক্রয়যোগ্য মালামাল সমূহের বর্ণনাঃ | | মামলার বিবরণ |
|---|---|---|---|
| ১. | ডিজেল (ব্লু রং-এর) | ১৯৯.৫০ লিটার | খুলনা রেলওয়ে থানার মামলা নং- ০৩/২৫, তারিখ- ২৫/০৩/২০২৫, আরজিআর- ০৩/২৫, ধারা ৩৭৯/৪১১ পিসি। |

## <u>নিলামের শর্তাবলীঃ</u>

**উপরে উল্লিখিত মালামাল নিলামে ক্রয়ের লক্ষ্যে নিলামে অংশগ্রহণকারীকে অবশ্যই নিম্নে বর্ণিত কাগজপত্র দাখিলসহ শর্তাবলী পালন করতে হবে। অন্যথায় তিনি নিলামে অংশগ্রহণ করতে পারবেন না।**

০১। আদালত কর্তৃক ছাপানো সিডিউল স্বাক্ষরপূর্বক প্রকাশ্য নিলামে অংশগ্রহণের পূর্বে পে-অর্ডারসহ আবশ্যিকভাবে জমা দিতে হবে।

০২। নিলামে অংশগ্রহণের পূর্বে জামানত হিসেবে যে কোন তফসিলি ব্যাংক হতে সভাপতি, নিলাম কমিটি, চীফ জুডিসিয়াল ম্যাজিস্ট্রেট আদালত, যশোর এর অনুকূলে ১৫,০০০/- (পনের হাজার) টাকার পে-অর্ডার (ফেরতযোগ্য) মূল কপি জমা দিতে হবে।

০৩। নিলামে অংশগ্রহণকারীর জাতীয় পরিচয়পত্রের ফটোকপি দাখিল করতে হবে।

০৪। নিলামে অংশগ্রহণকারীর পাসপোর্ট সাইজের ০১ (এক) কপি রঙ্গিন ছবি দাখিল করতে হবে।

০৫। নিলামে অংশগ্রহণকারীর ট্রেড লাইসেন্স, TIN ও VAT-এর প্রমাণ পত্র দাখিল করতে হবে। (TIN ও VAT-এর সত্যতা Online-এর যাঁচাই করা হবে)

০৬। নিলাম ক্রেতাকে ক্রয় বিধি মোতাবেক ১৫% ভ্যাট ও ১০% ট্যাক্স প্রদান করতে হবে।

০৭। সর্বোচ্চ দরদাতা / নিলাম ক্রেতাকে পরবর্তী কার্যদিবসের মধ্যে অবশিষ্ট টাকা পরিশোধ করতে হবে। ব্যর্থতায় দাখিলী **জামানত বাজেয়াপ্ত** করাসহ পরবর্তী সর্বোচ্চ দরদাতাকে নিলাম ক্রয়ের জন্য আহবান করা হবে।

০৮। আগামী ০৪/১১/২৫ ইং তারিখ রোজ মঙ্গলবার বিকাল ০৩:৩০ ঘটিকায় প্রকাশ্য নিলাম কার্যক্রম যশোর চীফ জুডিসিয়াল ম্যাজিস্ট্রেট আদালতের সিনিয়র জুডিসিয়াল ম্যাজিস্ট্রেট ২য় আদালতের এজলাসে অনুষ্ঠিত হবে। (রুম নং- ৩০৮)

৯। আগামী ০২/১১/২০২৫ খ্রিঃ তারিখ সকাল ০৯:০০ ঘটিকা হতে ০৩/১১/২০২৫ খ্রিঃ তারিখ বিকাল ০৫:০০ ঘটিকা পর্যন্ত ১০০/- (একশত) টাকা মূল্যে (অফেরতযোগ্য) চীফ জুডিসিয়াল ম্যাজিস্ট্রেট আদালতের নেজারত বিভাগে সিডিউল বিক্রয় করা হবে । (রুম নং- ১০২)

১০। আগামী ০৪/১১/২০২৫ ইং তারিখ রোজ মঙ্গলবার দুপুর ০১:৩০ হতে ০২.৩০ ঘটিকা পর্যন্ত যশোর চীফ জুডিসিয়াল ম্যাজিস্ট্রেট আদালতের মালখানায় নিলাম সামগ্রীর (প্রযোজ্য ক্ষেত্রে) প্রদর্শন করা হবে। আগ্রহী নিলাম ক্রেতাগণ নিলামে অংশগ্রহণের পূর্বে উক্ত মালামাল পরিদর্শন করতে পারবেন।

১১। নিলামে অংশগ্রহণকারীগণকে তাদের প্রস্তাবিত মূল্য সিডিউলে উল্লেখ পূর্বক খামবন্দি করে সিনিয়র জুডিসিয়াল ম্যাজিস্ট্রেট ২য় আদালতের (রুম নম্বর-৩০৮) সামনে রক্ষিত নিলাম বাক্সে ০৪/১১/২০২৫ খ্রিঃ তারিখ দুপুর ০২.০০ ঘটিকার পূর্বে জমা দিতে হবে। দুপুর ০৩.৩০ ঘটিকায় প্রকাশ্যে নিলাম বাক্স উন্মুক্ত করা হবে এবং তন্মধ্য হতে সর্বোচ্চ দরদাতাকে নিলাম ক্রয়ের জন্য প্রস্তাব করা হবে। **প্রতি লিটার ডিজেলের সর্বনিম্ন দর ৭০ (সত্তর) টাকা।**

১২। কোন প্রকার কারণ দর্শানো ব্যতিরেকে কর্তৃপক্ষ নিলামের যে কোন পর্যায়ে নিলাম কার্যক্রম বাতিলের অধিকার সংরক্ষণ করেন।

২৭/১০/২৫

**(শান্তনু কুমার মন্ডল)**
সিনিয়র জুডিসিয়াল ম্যাজিস্ট্রেট ও
সভাপতি, নিলাম কমিটি, সিজেএম কোর্ট, যশোর।